

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটঘরিয়া, পাবনা।

স্মারক নং- ১৩.০১.৭৬৩৯.০০২.৫৭.০০৫.২৩- ৬২৭

তারিখঃ ২৫/০৫/২০২৩খ্রি.

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচিতে বাদ পড়া উপকারভোগীদের স্থলে নতুন উপকারভোগী অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: খাদ্য মন্ত্রণালয় ঢাকার স্মারক নং-১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৮৪/১(২) তারিখ-৩০/০৪/২০২৩খ্রি:

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক পাবনার স্মারক নং-১৬৩৯ তারিখ-১১/০৫/২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব ভোক্তা চূড়ান্ত যাচাইকালে ভিডলিউবি'র তালিকায় থাকায়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অযাচাইকৃত, ইউডিসি কর্তৃক সঠিকভাবে যাচাই না করার কারণে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক বাতিল, ইউডিসি কর্তৃক সঠিকভাবে তথ্য ও ছবি আপলোড না করার কারণে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ফেরত, ভোক্তা ইউডিসিতে যাচাইয়ের জন্য উপস্থিত না হওয়ার কারণে বাতিলকৃত ভোক্তার পরিবর্তে নতুন ভোক্তার তালিকা খাদ্যবান্ধব কর্মসূচির উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। সেই লক্ষে অত্র উপজেলায় ২৪৭ জন ভোক্তার তালিকা ইউনিয়নওয়ারী তালিকা প্রস্তুত করে ১৮/০৫/২০২৩খ্রি: তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা দপ্তরে রেজুলেশনসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে:

১. গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার: ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, ভিক্ষুক প্রভৃতি।
২. বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে তারা অগ্রাধিকার পাবে।

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে না:

১. স্বচ্ছল ও অবস্থাপন্ন পরিবার/ব্যক্তিদেরকে তালিকাভুক্ত করা যাবে না।
২. একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না।
৩. ভিজিডি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদেরকে তালিকাভুক্ত করা যাবে না।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পুনরায় তালিকা যোগ্য ভোক্তা সংখ্যা	ডিলারের নাম	পুনরায় তালিকা যোগ্য ডিলারভিত্তিক ভোক্তা সংখ্যা	মন্তব্য
১	মাজপাড়া	৭৮ জন	মো: কোবাদ আলী	৩২ জন	বিঃদ্রঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় হতে তালিকা প্রস্তুত করনের নমুনা এক্সএল শীটের সফট কপি গ্রহন করার জন্য অনুরোধ করা হলো এবং প্রস্তুতকৃত তালিকার সফট কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় আটঘরিয়া, পাবনাতে জমা দেয়ার জন্য বলা হলো।
			মো: তরিকুল ইসলাম	৪৬ জন	
২	চাঁদভা	৪৩ জন	মো: আশরাফুল আলম	২০ জন	
			মো: নুরুল ইসলাম	২৩ জন	
৩	দেবোত্তর	২৫ জন	মো: গোলাম মওলা হেলাল	১০ জন	
			নিখিল কুমার সাহা	১৫ জন	
৪	একদন্ত	৬৯ জন	মো: মানিক হোসেন	৩৬ জন	
			মো: মাহফুজুর রহমান	৩৩ জন	
৫	লক্ষীপুর	৩২ জন	মো: রবিউল আলম	১৯ জন	
			মো: রেজাউল করিম	১৩ জন	
মোট =		২৪৭ জন		২৪৭ জন	

বরাবর,

চেয়ারম্যান (সকল).....ইউপি
আটঘরিয়া, পাবনা।

(মাকসুদা আক্তার মাসু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
আটঘরিয়া, পাবনা।